মেহেরপুরে গাঁজাসহ ওয়াজ্জেল শেখ আটক

মেহেরপুর সদর থানা পুলিশ অভিযান চালিয়ে ১৫০ গ্রাম গাঁজাসহ ওয়াজ্জেল শেখ (৬০) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে।

আটক ওয়াজ্জেল শেখ মেহেরপুর সদর উপজেলার রাইপুর খন্দকারপাড়া গ্রামের আহাম্মদ শেখের ছেলে। মঙ্গলবার দুপুরের দিকে সদর থানার এএসআই শাকিল খান সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে তাকে ১৫০ গ্রাম গাঁজাসহ আটক করেন।

এএসআই শাকিল খান বলেন, ওয়াজ্জেল হোসেন এলাকার চিহিৃত একজন গাঁজা ব্যবসায়ী। আজকে সে গাঁজা বিক্রি করছে এমন সংবাদে অভিযান চালিয়ে তাকে এই গাঁজাসহ আটক করা হয়।

আটক ওয়াজ্জেল হোসেনের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

ইউপি চেয়ারম্যান মতিনের ক্ষমতার দাপট?

সড়ক দূর্ঘটনা ঘটিয়েও আহতকে চিকিৎসার ব্যবস্থা না করেই ক্ষমতার দাপটে দুর্ঘটনা কবলিত মোটরসাইকেল তুলে নিয়ে গেলেন ইউপি চেয়ারম্যান মতিউর রহমান মতিন।

দাপুটে এই মতিউর রহমান মতিন মেহেরপুর সদর উপজেলার নবগঠিত শ্যামপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান।

জানা গেছে, মেহেরপুর শহরের মফিজুল ইসলামের ছেলে মিলন হোসেন ও শ্যামপুর ইউপি চেয়ারম্যান মতিউর রহমান মতিন প্রাইভেট কারে যার নং ঢকা মেট্রো-গ- ২৮-৮৬৪৮) যোগে মেহেরপুর থেকে কুষ্টিয়া যাচ্ছিলেন। আর বেপরোয়া গতিতে প্রাইভেট কারটি চালাচ্ছিলেন নাহিদ

হোসেন।

এসময় গাংনী উপজেলার গোপালনগর গ্রামের রফিকুল ইসলামের ছেলে রাজা মিয়া ও তার অপর বন্ধু মিলে মেহেরপুরে যাচ্ছিলেন।

গাংনী বনবিভাগের সামনে একটি ইজিবাইক ওভারটেক করার সময় প্রাইভেট কারটি এসে মোটরসাইকেলটিকে স্বজোরে ধাক্কা দিলে এই দুর্ঘটনা ঘটে। এতে আহত হয় মোটরাসাইকেল চালক রাজা মিয়া।

আহত রাজাকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্ ্র থেকে আজ মঙ্গলবার (২৩ আগষ্ট) দুপুরের দিকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

আহত রাজার দুলাভাই গাংনী পাইলট স্কুল এন্ড কলেজের শিক্ষক আবু হোসেন বলেন , রাজার ডান পা ভেঙ্গে গেছে। তাকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্ ্র থেকে উন্নত চিকিৎসার জন্য কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেছে চিকিৎসক।

গতকাল সোমবার (২২ আগষ্ট) দুপুরের দিকে গাংনী উপজেলা শহরের বনবিভাগ পাড়া এলাকায় প্রাইভেট কারের সাথে মোটরসাইকেলের এই দুর্ঘটনা ঘটে।

আহত রাজা বলেন , মোটরসাইকেল যোগে মেহেরপুর যাওয়ার পথে গাংনী বনবিভাগের সামনে একটি ব্যাটারী চালিত ইজিবাইককে ওভারটেক করার সময় সামনের দিক থেকে আসা দ্রুতগামী প্রাইভেট কার আমাদের এসে ধাক্কা দিলে রাস্তার পাশে ছিটকে পড়ি।

এসময় আমাকে স্থানীয়রা তুলে হাসপাতালে নেওয়ার ব্যবস্থা করছিল। ওই প্রাইভেট কারের ভিতরে থাকা যাত্রীরা আমাকে কোনো ধরণের সহযোগীতা না দিয়ে আমার গাড়িটি ছিনিয়ে নিয়ে চলে যায়। এসময় কিছু মানুষ তাকে বাধা দিলেও জোর করে গাড়ি ছিনিয়ে নিয়ে চলে যায়।

শিক্ষক আবু হোসেন বলেন , দুর্ঘটনায় আমার শ্যালক রাজা মিয়া মারাত্বক আহত হলেও তাকে চিকিৎসার ব্যবস্থা না করেই জোর করে মোটরাসাইকেলটি ছিনিয়ে নিয়ে চলে যায় এই চেয়ারম্যান।

প্রত্যক্ষদর্শি সাগর ও জামান হোসেন জানান , প্রাইভেট কারটির গতি বেপরোয়া থাকলেও ভিতরে থাকা যাত্রী নিজেকে শ্যামপুর ইউনিয়নের চেয়ারম্যান পরিচয় দিয়ে দুর্ঘটনা কবলিত মোটরসাইকেলটি নিয়ে চলে যায়। আমরা বাঁধা দিলে সে নিজেকে চেয়ারম্যান ও মন্ত্রীর পরিচয়

দিয়ে আমাদের ভয়ভীতি দেখায়।

এঘটনায় চেয়ারম্যান মতিউর রহমান মতিন বলেন, মোটরসাইকেল আরোহীরা ছিল মাদকাসক্ত। তারা বেপরোয়া গতিতে এসে আমাদের প্রাইভেট কারের সামনের অংশ ভেঙ্গে দিয়েছে। এখানে প্রায় দুই লক্ষাধিক টাকার ক্ষতি হয়েছে।

তাই মোটরসাইকেল নিয়ে এসে আমার ইউনিয়ন পরিষদে রেখে দিয়েছি।ইউনিয়ন পরিষদের বসেই তাদের বিচার হবে। প্রাইভেট কার মেরামতের ২ লক্ষ টাকা জরিমানা নিয়ে তারপর গাড়ি দেওয়া হবে। আহতকে চিকিৎসার ব্যবস্থা না করে মোটরসাইকেল তুলে নিয়ে আসলেন কেনো এমন প্রশ্নের জবাব দেননি চেয়ারম্যান মতিন।

এঘটনায় আহত রাজা বাদি হয়ে গাংনী থানায় একটি অভিযোগ দিয়েছে। অভিযোগপত্রটি পাওয়ার পরে গাংনী থানার উপপরিদর্শক (এসআই) মাসুদ চেয়ারম্যান মতিনের কাছে বিষয়টি জানতে চাইলে তিনি নিজেকে মন্ত্রীর লোক পরিচয় দিয়ে বলেন, ওদেরকে আমার ইউনিয়ন পরিষদে পাঠিয়ে দেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক বলেন, বিষয়টি আমার কানে আসার পর আমি খোঁজ খবর নিয়েছি। বিষয়টি মিমাংসার জন্য তাগিদ দেওয়া হয়েছে।

মেহেরপুরে বেশি দামে সার বিক্রির দায়ে ব্যবসায়ীর জরিমানা

মেহেরপুরে বিএডিসি সার ডিলার মনিরুল ইসলাম এন্ড ব্রাদার্স নামের একটি প্রতিষ্ঠানে অভিযান চালিয়ে বেশি দামে ইউরিয়া ও টিএসপি সার বিক্রির দায়ে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

আজ মঙ্গলবার দুপুরে সদর উপজেলার বামনপাড়ায় এ অভিযান পরিচালনা করেন জাতীয় ভোক্তা অধিকার অধিদপ্তরের সহকারী পরিচালক সজল

আহম্মেদ।

জাতীয় ভোক্তা অধিকার অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহম্মেদ জানান, বামনপাড়ায় বিএডিসি সার ডিলার মেসার্স মনিরুল ইসলাম এন্ড ব্রাদার্স নামক প্রতিষ্ঠানে তদারকিকালে সরকার নির্ধারিত মূল্যের অতিরিক্ত মুল্যে সার বিক্রয়ের প্রমাণ পাওয়া যায়। তাদের গোপন নথিপত্র চেক করে ১১০০ টাকার ইউরিয়া ১২৬০ টাকা ও ১১০০ টাকার টিএসপি সার ১৭৫০ টাকাসহ অন্যান্য সারও বেশি দামে বিক্রয়ের গোপন রশিদ জব্দ করা হয়।

তিনি আরো জানান, নির্ধারিত মূল্যের অধিক মুল্যে সার বিক্রয়ের অপরাধে প্রতিষ্ঠানটিকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ এর ৪০ ধারায় ৫০ হাজার টাকা জরিমানা করা হয়।

এছাড়াও শহরের হোটেল বাজারের বেশ কয়েকটি দোকানে চাউল, তেলসহ নিত্যপ্রয়োজনীয় পণ্যের বাজার তদারকি করা হয় এবং ক্রয় বিক্রয় ভাউচার ও মুল্যতালিকা তদারকি করা হয়। ব্যবসায়ীদের অযৌক্তিক মূল্যবৃদ্ধি ও অতিমুনাফার বিষয়ে সতর্ক করা হয়।

অভিযানে সার্বিক সহযোগিতা করেন জেলা কৃষি বিপণন কর্মকর্তা মোঃ তারিকুল ইসলাম, সদর উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর মোঃ তরিকুল ইসলাম ও পুলিশ লাইনের একটি টিম।

এ সংক্রান্ত আরো মেহেরপুরে দুই হোটেল ব্যবসায়ীর জরিমানা

গাংনীতে জামাইয়ের হাতে শাশুড়ি খুন (আপডেট)

জামাইয়ের হাত থেকে মেয়েকে রক্ষা করতে গিয়ে জামাইয়ের হাসুয়ার উপর্যুপরি কোপে নিহত হয়েছেন রঙ্গিলা খাতুন (৪৫) নামের এক গৃহবধূ। রঙ্গিলা খাতুন গাংনী উপজেলার করমদি মাঠপাড়া এলাকার শওকত আলীর স্ত্রী।

আজ মঙ্গলবার (২৩ আগষ্ট) বেলা সাড়ে ১১ টার দিকে তার নিজ ঘরে

হাসুয়া দিয়ে কুপিয়ে হত্যা করে। এর আগে নিহতের মেয়ে রিনি খাতুনকেও হাসুয়া দিয়ে কুপিয়ে আহত করেন। আহত রিনি বর্তমানে হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে।

স্থানীয়রা জানান, সকালের দিকে পারিবরিক কলহের জের ধরে মাঠপাড়া ঈদগাহ এলাকায় গাছের সাথে রশি দিয়ে গলাই দড়ি দিতে যায়। খবর পেয়ে নিহত রঙ্গিলা ও তার স্ত্রী রিনি খাতুন উদ্ধার করে বাড়ি নিয়ে আসে।

তাকে কেনো বাড়ি নিয়ে আসা হয়েছে এমন কথা বলে আবারো শুরু হয় বাতবিতন্ডা। এক পর্যায়ে হাসুয়া দিয়ে স্ত্রী রিনি খাতুনকে কোপাতে থাকে বাদশা। এসময় শাশুড়ি রঙ্গিলা তার মেয়েকে বাচাতে গেলে তাকে হাসুয়া দিয়ে গলাই এলোপাথাড়ি কুপিয়ে হত্যা করে পালিয়ে যায়।

স্থানীয়রা আরো জানান, বাদশার নামে, চুরি ডাকাতিসহ বিভিন্ন অভিযোগে একাধিক মামলা রয়েছে। সাম্প্রতিক সময়ে সে জেল থেকে জামিনে মুক্ত হয়েছে। বাদশা করমদি গ্রামের শাহবুর পাড়ার রবিউল ইসলামের ছেলে। সে শশুরবাড়ি ঘর জামায় থাকতো।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, নিহতের মরদেহ উদ্ধার করে সুরোতহাল করা হয়েছে। ময়না তদন্তের জন্য মেহেরপুর জেনারেল হাসপাতাল মর্গে নেয়া হচ্ছে।

গাংনীর করমদিতে শাশুড়িকে কুপিয়ে হত্যা করলো জামাই

পারিবারিক বিরোধের জের ধরে মেহেরপুরের গাংনী উপজেলার করমদিতে রঙিলা খাতুন (৪৫) নামের এক মহিলাকে কুপিয়ে হত্যা করেছে জামাতা বাদশাহ।

আজ মঙ্গলবার সকাল সাড়ে ১১টার দিকে করমদি মাঠ পাড়ায় এ ঘটনা ঘটে। এতে রঙিলার মেয়ে রিনি খাতুনও আহত হয়েছে। অভিযুক্ত জামাতা বাদশাহ একই গ্রামের সাহাবুর পাড়ার রবিউল ইসলামের ছেলে।

খবর পেয়ে গাংনী থানা পুলিশের একটি দল সেখানে পৌছে মরদেহ সুরতহাল

রিপোর্ট শেষে উদ্ধারের প্রক্রিয়া চালাচ্ছে।

বিস্তারিত আসছে…

প্রতারক কামরুজ্জামানের কাছে থেকে জমি ফিরে পেলেন আরেক ভুক্তভোগী

প্রতারক সেই মীর কামরুজ্জামানের কাছ থেকে ২য় দফায় সরকারি ১০ শতক জমির খারিজ বাতিল করেছেন গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি)। এর মধ্যে সরকারের দখলে ৬ শতক এবং ভ’ক্তভোগী বানুয়ারাকে ৪ শতক জমি বুঝিয়ে দেওয়া হয়েছে।

গতকাল সোমবার বাদি বানুয়ারা খাতুনের অভিযোগের ভিত্তিতে উভয় পক্ষের উপস্থিতিতে শুনানি শেষে এ আদেশ দেন গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাজমুল আলম।

গাংনীতে সরকারি ১০ শতকের মধ্যে পোনে ৯ শতক জমিসহ ৩ অসহায়ের জমি নিজ নামে জাল খারিজ করে নেন তেরাইলের মীর কামরুজ্জামান।

গাংনী উপজেলা নির্বাহি কমিশনার (ভূমি) নাজমুল আলম জানান, মীর কামরুজ্জামানের পিতা মীর লুৎফর রহমানকে পোনে ৯ শতক জমি বন্দোবস্ত দেওয়া হয়।

পরে ২০০৫ সালে মীর লুৎফর রহমানের বন্দোবস্ত বাতিল করেন জেলা প্রশাসক স্যার। কিন্তু মীর কামরুজ্জামান ওই বন্দোবস্ত গোপন করে জমি খারিজ করে নেন।

ভুক্তভোগীর লিখিত অভিযোগের প্রেক্ষিতে উভয় পক্ষের শুনানী করা হয়। শুনানি মীর কামরুজ্জামানের কাগজপত্র যাচাই বাছাই করে টেম্পারিংয়ের বিষয়টি স্পষ্ট হয়। এবং সরকারি খাস জমির খারিজ বাতিল করা হয়। এর মধ্যে বন্দোবস্তর ৪ শতক জমি বানুয়ারাকে বুঝিয়ে দেওয়া হয়।

এর আগে গত ১১ আগস্ট বৃহস্পতিবার গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাজমুল আলম উভয় পক্ষের উপস্থিতিতে শূনানী শেষে মীর কামরুজ্জামানের খারিজ বাতিল করে অভিযোগকারী ২ জনের তেরাইল গ্রামের কালুর স্ত্রী রোজিফা খাতুন, রবকুল শাহ্ এর স্ত্রী মারজিয়া খাতুনের দাগ ৪৪৪৮ এবং ৪৪৪৯ জমির খারিজ তাদের বুঝিয়ে দেন।

উল্লেখ্য, মেহেরপুর প্রতিদিন পত্রিকায় মীর কামরুজ্জামানের প্রতারণা নিয়ে সংবাদ প্রকাশ হলে মেহেরপুরের সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট এস.এম শরিয়ত উল্লাহ বিষয়টি আমলে নিয়ে স্বপ্রনোদিত মামলা করেন।

মামলায় পিবিআই কুষ্টিয়াকে তদন্তের নির্দেশ দেওয়া হয়। এর অংশ হিসেবে ভুক্তভোগীদের অভিযোগের প্রেক্ষিতে মীর কামরুজ্জামানের খারিজ বাতিল করে তিন জনকে তাদের জমি বুঝিয়ে দেওয়া হয়।

মেহেরপুরে সদর উপজেলা বিএনপির বিক্ষোভ সমাবেশ

জ্বালানী তেলের অস্বাভাবিক মূল্য বৃদ্ধি, বিদ্যুতের ভয়াবহ লোডশেডিং এবং সকল পণ্যের মূল্য বৃদ্ধির ও ভোলার পুলিশের গুলিতে ছাত্রনেতা নূরে আলম,সেচ্ছাসেবক দলের নেতা আঃ রহিমকে হত্যার প্রতিবাদে মেহেরপুর সদর উপজেলা বিএনপি’র উদ্যোগে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বিকেলে মেহেরপুর শহরের কাথুলী বাসস্ট্যান্ড এলাকায় এ বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

মেহেরপুর সদর উপজেলা বিএনপির সভাপতি মারুফ আহমেদ বিজনের সভাপতিত্বে বিক্ষোভ সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন,জেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন।

পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন, জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান,ইলিয়াস হোসেন,মেহেরপুর সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম,সিনিয়র সহ-সভাপতি শহিদুল আলম, যুগ্ম সাধারণ সম্পাদক রাকিবুল হাসান রিপন, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক,জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল মিন্টু,ছাত্রদল নেতা আকিব জাভেদ সিনজিন,গাংনী পৌর বিএনপি’র সাধারণ সম্পাদক মকবুল হোসেন মেঘলা প্রমুখ। এ সময় মেহেরপুর সদর, গাংনী ও মুজিবনগর উপজেলা এবং বিভিন্ন ইউনিয়ন বিএনপি ও এর অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে মায়ের চরিত্র নিয়ে কটুক্তি। চাচাত ভাইকে কোপাল ছেলে

মায়ের চরিত্র নিয়ে কটুক্তি করায় চাচাত ভাই শাকিল (৩০) কে ধারালো হাসুয়া দিয়ে কুপিয়ে জখম করেছেন লিজন নামের এক যুবক।

আহত শাকিল এখন মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। তার হাতের তিনটি আঙ্গুল কেটে গেছে বলে জানান শাকিল।

গতকাল রবিবার দিবাগত রাত ১১ টার দিকে মেহেরপুর সদর উপজেলার রাজাপুর বারাকপুর গ্রামে এ হামলার ঘটনা ঘটে। আহত শাকিল জানান, আমার চাচি গ্রামের একজনের সাথে পরকীয়ায় জড়িত।

এ কথা বলায় চাচাত ভাই আমার দাদী মজিরন নেছা (৮০) কে মারধর করে। আমি তাকে ঠেকাতে গেলে আমাকে হাসুয়া দিয়ে কুপিয়ে জখম করে পালিয়ে যায়। তবে, লিজন আত্মগোপনে থাকায় তার বক্তব্য নেওয়া সম্ভব হয়নি। এঘটনায় মামলা করার প্রস্তুতি চলছে বলে জানান শাকিল।

গাংনীতে শিক্ষক-সুপার ভাইজারগণের প্রশিক্ষণ

মেহেরপুরের গাংনীতে আউট-অব-স্কুল চিলড্রেন এডুকেশন কর্মসূচীর আওতায় শিক্ষক-সুপার ভাইজারগণের ১২দিন ব্যাপী বুনিয়াদী প্রশিক্ষণ কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে।

সোমবার সকালে গাংনী সরকারী পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের হলরুমে এ প্রশিক্ষণ কার্যক্রমের উদ্বোধন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা সহকারী মাধ্যমিক শিক্ষা অফিসার মনিরুল ইসলাম, বিদ্যালয়ের প্রধান শিক্ষক আশরাফুজামান লালু ও প্রকল্প জেলা ম্যানেজার মুরাদ আলীসহ বিভিন্ন প্রশিক্ষণ গ্রহণ কারী শিক্ষক ও সুপারভাইজারগন।

গাংনী বাজার কমিটি নির্বাচনী তফশীল ঘোষণা

মেহেরপুরের গাংনী বাজার কমিটির মেয়াদ উত্তীর্ণ হওয়ার এক বছর পর ত্রি-বাষিক নির্বাচনী তফশীল ঘোষণা করা হয়েছে।

আজ সোমবার বেলা ১১ টার দিকে গাংনী বাজার কমিটির কার্যালয়ে আনুষ্ঠানিক তফশীল ঘোষণা করা হয়। নির্বাচন

কমিশনের প্রধান উপদেষ্টা উপজেলা চেয়ারম্যান এমএ খালেক তফশীল ঘোষনা করেন। মার্কেট মালিক সমিতির সভাপতি ফজলুল হকের সভাপতিত্বে উপস্থিত ছিলেন গাংনী থানার অফিসার ইনচার্জ ওসি আব্দুর রাজ্জাক, নির্বাচন কমিশনের সদস্য আনারুল ইসলাম বাবু, মাজেদুল হক মানিকসহ স্থানীয় সাংবাদিকবৃন্দ। বিগত ২০১৮ সালের ২৯ জানুয়ারী গাংনী বাজার

কমিটির সর্ব শেষ নির্বাচন অনুষ্ঠিত হয়।